সিনিয়র সিস্টেম এনালিষ্ট
সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি
ডাইরি নং.......১০২৮
তারিখ.......১০/০৮/২৬
স্বাক্ষর

**রেজিস্টার্ড এ/ডি সহযোগে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০০০.০২৮.২৭.০১১.২৬-৯৮৯

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩৩ / ১০ আগস্ট, ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব আইনুন নিশাত খান (পরিচিতি নং-৬০২৪২৮), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক সার্কেল বরিশাল (সাবেক কার্যক্রম উপ-বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের ১৪-০৭-২০২৬ তারিখের ৩৫.০০.০০০০.০০০.০২৮.২৭.০১১.২৬-১৫০ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিল এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, জনাব আইনুন নিশাত খান (পরিচিতি নং-৬০২৪২৮), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক সার্কেল বরিশাল তার অনুপস্থিতির কারণ হিসেবে স্ত্রীর গুরুতর গর্ভকালীন জটিলতা, বিদেশে তার স্ত্রী ও সন্তানের নিরাপদ ও উপযুক্ত আবাসনের ব্যবস্থা, মধ্যপ্রাচ্যে উদ্ভূত যুদ্ধ পরিস্থিতির কথা উল্লেখ করেন এবং এর স্বপক্ষে তিনি সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছেন;

সেহেতু, জনাব আইনুন নিশাত খান (পরিচিতি নং-৬০২৪২৮), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক সার্কেল বরিশাল (সাবেক কার্যক্রম উপ-বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা) এর কারণ দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর দায় হতে ভবিষ্যতের জন্য সতর্ককরতঃ অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ড. মোহাম্মদ জিয়াউল হক)
সচিব

স্মারক নং- ৩৫.০০.০০০০.০০০.০২৮.২৭.০১১.২৬- ৯৮৯

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩৩ / ১০ আগস্ট, ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা